দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org
E-mail- cnfctg.@gmail.com, info@cnfctg.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫৪/২০১২ তারিখঃ ২৬/০৯/২০১২খ্রিঃ।
সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি, ১১ আশ্বিন,১৪১৯ বাংলা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/......কাস তারিখঃ ১১/০৯/২০১২ইং সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
এম রহমান
উপ সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস
চট্টগ্রাম।

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/...... কাস তারিখঃ ১১/০৯/২০১২খ্রিঃ

বিষয় ঃ গত ১০/০৯/২০১২ তারিখ জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টম হাউস এবং চট্টগ্রাম কাস্টমস্ ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

কাস্টম হাউস চট্টগ্রামে কাস্টম কর্তৃপক্ষের সাথে সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনসহ অন্যান্য ষ্টেকহোল্ডারদের মধ্যে সৃষ্ট বিরোধ ও তার ফলশ্রুতিতে চলমান কর্মবিরতি নিষ্পত্তির লক্ষ্যে মাননীয় অর্থমন্ত্রী ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশে বোর্ডের সদস্য সর্বজনাব মোঃ ফরিদ উদ্দিন, জনাব নাসির উদ্দিন ও জনাব ফিরোজ শাহ্ আলম গত ১০ সেপ্টেম্বর, ২০১২ তারিখ সকালে কাস্টম হাউসে যান। সেখানে উক্ত তারিখে বিরোধীয় সম্ভাব্য সকল বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টম হাউস কর্তৃপক্ষ চট্টগ্রাম, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, বিজিএমইএ, বিকেএমইএ, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন ও অন্যান্য স্টেকহোল্ডারদের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মুসক নীতি ও বোর্ড প্রশাসন) জনাব মোঃ ফরিদ উদ্দিন এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা "পরিশিষ্ট - ক" তে রয়েছে। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় অর্থনীতিতে কাস্টম হাউস চট্টগ্রামের ভূমিকার কথা সকলকে স্মরণ করিয়ে দিয়ে এর স্বাভাবিক কর্মপরিবেশ বজায় রেখে যথাযথ রাজস্ব ও আমদানি এবং রপ্তানি চালানের দ্রুত ও যথাযথ শুল্কায়ন ও খালাস নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার আহ্বান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে উপস্থিত স্টেকহোল্ডারদের প্রতিনিধিগণ উদ্ভূত পরিস্থিতির আলোকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে বিদ্যমান সম্ভাব্য সকল সমস্যা বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। তাছাড়া, সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের ৬ (ছয়) দফা দাবীরও বিস্তারিত আলোচনা হয়। পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রং নং | আলোচ্যসূচী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১। | শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ এর বিধি বিধান অনুযায়ী পণ্য চালান শুল্কায়ন করা। | আমদানিকৃত পণ্যের শুল্ক মূল্য বিষয়ক যেকোন সমস্যায় WTO Valuation পদ্ধতি ও শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ অনুসরণ করতে হবে। এ জন্য শুল্কায়নকারী কর্মকর্তাদেরকে যথাযথ প্রশিক্ষণ দিতে ও উদ্বুদ্ধ করতে হবে। উর্দ্ধতন কর্মকর্তাগণ ইহা তদারকি করবেন। প্রয়োজনে সুনির্দিষ্ট ক্ষেত্রে কমিশনার এর নজরে আনা যেতে পারে। |
| ০২। | সম্মানিত আমদানি রপ্তানিকারকসহ সকল ব্যবহারকারীদের (Stakeholders) প্রতি কাস্টমস্ কর্মকর্তা/কর্মচারীদের অসৌজন্যমূলক আচরণ বন্ধ করা। | যথাযথ রাজস্ব আদায় ও Trade Facilitation এর লক্ষ্যে পারস্পরিক সম্মান ও আস্থার ভিত্তিতে সেবার মানসিকতা নিয়ে সকলকে একসাথে কাজ করতে হবে। কোন বিষয়ে পরস্পরের মধ্যে বিরোধ দেখা দিলে আলোচনার মাধ্যমে তার সমাধান করতে হবে। কাস্টমস্ কর্তৃপক্ষকে নিজেদের মধ্যে আরো বেশী করে সমন্বয় তদারকি করতে হবে এবং পেশাদারী মনোভাব গ্রহণ করতে হবে। |

(ক্রমশঃ---২)

| | | |
|---|---|---|
| ০৩। | ঘোষণা যাচাইয়ের লক্ষ্যে পণ্যের কায়িক পরীক্ষার প্রয়োজন হলে তা পরবর্তী ১ (এক) কর্মদিবসের মধ্যে হয়রানি ব্যতিরেকে করা। | (ক) কায়িক পরীক্ষার কার্যক্রম সম্ভাব্য স্বল্প সময়ে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে ০৩/০৪/২০১২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন করতে হবে;<br><br>(খ) সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার (জেটি) সকল কায়িক পরীক্ষায় পরীক্ষাকারী কর্মকর্তা পদস্থ (Posting) করবেন। দায়িত্বপ্রাপ্ত/পরীক্ষাকারী কর্মকর্তা যথাসম্ভব স্বল্পতম সময়ের মধ্যে কায়িক পরীক্ষা সম্পন্ন করে পরীক্ষায় প্রাপ্ত যথোপযুক্ত তথ্যের ভিত্তিতে কায়িক পরীক্ষা প্রতিবেদন তৈরী করবেন এবং তার তত্ত্বাবধানকারী কর্মকর্তার নিকট পেশ করবেন। সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার উক্ত প্রতিবেদন যথাযথ পাওয়া সাপেক্ষে শুল্কায়নের জন্য সংশ্লিষ্ট সেকশনে প্রেরণ করবেন। যুগ্ম কমিশনার (জেটি) তার অধিনস্থ সকল কর্মকর্তার কার্যাবলী যথাযথ তত্ত্বাবধান করবেন। এলক্ষ্যে তিনি risk management পদ্ধতিতে কার্যক্রম গ্রহণ করবেন;<br><br>(গ) পরীক্ষার কার্যক্রম সকাল ৯টায় শুরু করে দুপুর ১টার মধ্যে সম্পন্ন করতে হবে। আর পরীক্ষার প্রতিবেদন দিতে হবে একই দিন দুপুর ২টা থেকে বিকাল ৫টার মধ্যে। যদি যৌক্তিক কারণে পণ্য পরীক্ষার দিন রিপোর্ট প্রদান করা সম্ভব না হয় তাহলে পরের দিন অবশ্যই তা প্রদান করতে হবে;<br><br>(ঘ) একই পণ্য বারবার পরীক্ষাকরণ, একই Container বারবার নামানো, ইত্যাদি অবশ্যই পরিহার করতে হবে;<br><br>(ঙ) কোন চালানের পণ্য একাধিক এজেন্সির/কর্তৃপক্ষের প্রতিনিধির উপস্থিতিতে পরীক্ষা করার প্রয়োজন হলে একবারে সকল এজেন্সি/কর্তৃপক্ষের প্রতিনিধিদের উপস্থিতিতে পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার (জেটি) এ ব্যাপারে প্রয়োজনীয় সমন্বয় ও নেতৃত্ব প্রদান করবেন;<br><br>(চ) কোন চালানের পণ্যের নমুনা সংগ্রহের প্রয়োজন হলে পণ্য কায়িক পরীক্ষার সময়ই তা সংগ্রহ করতে হবে। পণ্যের নমুনা সংগ্রহের জন্য বার বার Container keep down করা যাবে না;<br><br>(ছ) পণ্যের কায়িক পরীক্ষার জন্য Container চিরাচরিত standard নিয়মে আগের দিন keep down করার বিষয়ে নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে শুল্ক কর্তৃপক্ষ, সিএন্ডএফ এজেন্টস্ মালিক সমিতি ও সিএন্ডএফ কর্মচারী সমিতি যুগ্ম কমিশনার জেটি এর নেতৃত্বে বন্দর কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় সমন্বয় ও যোগাযোগ করবেন;<br><br>(জ) শুল্কায়নকারী কর্তৃপক্ষের নির্দেশ ও যৌক্তিক কারণ ব্যতীত জেটির কোন কর্মকর্তা কায়িক পরীক্ষাধীন কোন পণ্যের H.S Code, মূল্য ইত্যাদির ব্যাপারে স্বেচ্ছা প্রণোদিত হয়ে মতামত প্রদান করবেন না; |
| ০৪। | বন্ডের আওতায় আমদানিকৃত শতভাগ রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্য অনুমোদনের ভিত্তিতে শুল্কায়ন বন্ধ রেখে প্রতিষ্ঠানটিতে রুগ্ন প্রতিষ্ঠানে পরিনত করার অন্যায় কার্যক্রম বন্ধের দাবী। | শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যের শুল্কায়ন ও খালাসের ক্ষেত্রে যাতে অযথা কোন হয়রানি বা অহেতুক বিলম্ব না হয় সেদিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। এ বিষয়ে কোন সমস্যা দেখা দিলে প্রয়োজনে সংশ্লিষ্ট কর্মকর্তা কাস্টমস্ বন্ড কমিশনারেটের সঙ্গে সরাসরি যোগাযোগ করে প্রাসঙ্গিক সমস্যা সমাধান করবেন। |
| ০৫। | সম্মানিত সাধারণ সদস্যদের পক্ষে কাস্টমস্ কর্মকর্তার হয়রানির প্রতিবাদ করতে গিয়ে মিথ্যা অভিযোগে এসোসিয়েশন কর্মকর্তাকে জরিমানা করার অন্যায় আদেশ অবিলম্বে প্রত্যাহারের জোর দাবী। | ০৭/০৮/২০১২ তারিখে অসদাচরণের দায়ে লাইসেন্স নং-২৩১২/৯৪ (এআইএনঃ ৩০১৯৪২৩১২) ও লাইসেন্স নং-১৫৫৭/৮৪ (এআইএনঃ ৩০১৮৪১৫৫৭) এর উপর আরোপিত দন্ড ন্যায়ানুগ বিবেচিত না হওয়ায় ও জাতীয় স্বার্থে উপস্থিত স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে প্রত্যাহার করা হয়। |

(ক্রমশঃ---৩)

| ক্রং নং | আলোচ্যসূচী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৬। | গত ০৩/০৪/২০১২ তারিখ জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টম হাউস, চট্টগ্রাম ও চট্টগ্রাম কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের মধ্যে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর করা। | ০৩/০৪/২০১২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহ কার্যকর করা হবে। |
| ০৭। | বিবিধঃ<br>(ক) পরামর্শক কমিটির সভা আহ্বান।<br>(খ) মূল্য ঘোষণা ফরম দাখিলকরণ।<br>(গ) AIN Lock. | (ক) ইতোপূর্বে কাস্টম হাউস, চট্টগ্রামের স্টেকহোল্ডারদের সমন্বয়ে গঠিত পরামর্শক কমিটির সভা প্রতি মাসে নিয়মিত করতে হবে।<br>(খ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীতব্য পত্রের আলোকে চট্টগ্রাম কাস্টম হাউসসহ সকল কাস্টম হাউস ও শুল্ক স্টেশনসমূহে শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ মোতাবেক বিল অব এন্ট্রি দাখিলের সাথে মূল্য ঘোষণা ফরম বাধ্যতামূলকভাবে দাখিল করতে হবে।<br>(গ) প্রচলিত আইন ও বিধি বিধান ভঙ্গের অভিযোগ ব্যতীত সিএন্ডএফ এজেন্টদের AIN Lock করা হবে না। দৈনন্দিন কর্মকান্ডে কাস্টম হাউসের সুষ্ঠু কর্মপরিবেশ বজায় রাখার স্বার্থে ভুল বোঝাবুঝির কারণে কোন অনাকাংখিত পরিস্থিতির সৃষ্টি হলে তা কমিশনারের নজরে আনতে হবে এবং প্রয়োজনে সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের নেতৃবৃন্দের সাথে আলোচনাক্রমে তা নিস্পত্তি করতে হবে। |

০৩। উপরোক্ত সিদ্ধান্তের ভিত্তিতে ঐ দিনই সংশ্লিষ্ট সকলে কাজ শুরু করেন। পরিশেষে সভাপতি কাস্টম হাউস, চট্টগ্রাম সংশ্লিষ্ট যেকোন সমস্যা সমাধানের ক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
(মোঃ ফরিদ উদ্দিন)
সদস্য (মূসক নীতি ও বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ০২-৮৩১৬০৪৮

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/ ....... কাস
তারিখ ঃ ১১/০৯/২০১২খ্রিঃ